

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্যাপন সফল হোক”

বাংলাদেশ



পেজেট



অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, জুন ২৮, ২০২১

বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ১৪ আষাঢ়, ১৪২৮ মোতাবেক ২৮ জুন, ২০২১

নিম্নলিখিত বিলটি ১৪ আষাঢ়, ১৪২৮ মোতাবেক ২৮ জুন, ২০২১ তারিখে জাতীয় সংসদে
উত্থাপিত হইয়াছে :—

বা. জা. স. বিল নং ১৮/২০২১

Medical Degrees Act, 1916 রাহিতকরণকল্পে আনীত বিল

যেহেতু Medical Degrees Act, 1916 (Act, no. VII of 1916) রাহিত করা সমীচীন
ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল :—

১। সংক্ষিপ্ত শিরোনাম |—(১) এই আইন Medical Degrees (Repeal) Act, 2021 নামে
অভিহিত হইবে।

২। রাহিতকরণ ও হেফাজত |—(১) Medical Degrees Act, 1916 (Act, no. VII of
1916) অতঃপর উক্ত Act বলিয়া উল্লিখিত, এতদ্বারা রাহিত করা হইল।

(২) উপ-ধারা (১) এর অধীন রাহিতকরণ সত্ত্বেও, উক্ত Act এর অধীন—

(ক) প্রদত্ত অনুমোদিত ও ইস্যুকৃত ডিপ্লিমা, ডিপ্লোমা, লাইসেন্স, সার্টিফিকেট এবং অন্য কোন
দলিলের ধারক (holder), গ্রাহক (grantee) বা প্রাপক (recipient) কে,
“Western medical science” প্রাকটিস করিবার যোগ্য বলিয়া প্রদানকৃত অনুমতি
বাতিল না হওয়া পর্যন্ত, এইরূপে বলবৎ থাকিবে যেন উক্ত Act রাহিত হয় নাই;

(১৮০৯)

মূল্য : টাকা ৮.০০

- (খ) জারীকৃত প্রজ্ঞাপন, প্রদত্ত আদেশ, নির্দেশ, অনুমোদন, যদি থাকে, তবে উহা সংশোধন বা বাতিল না হওয়া পর্যন্ত, এইরূপে কার্যকর থাকিবে যেন উক্ত Act রহিত হয় নাই; এবং
- (গ) দায়েরকৃত কোন মামলা বা কার্যধারা কোন আদালতে চলমান থাকিলে উহা এইরূপে নিষ্পত্তি করিতে হইবে যেন উক্ত Act রহিত হয় নাই।

উদ্দেশ্য ও কারণ সম্বলিত বিবৃতি

Medical Degrees Act, 1916 একটি সংক্ষিপ্ত আইন যার প্রায়োগিক প্রতিটি ধারা ‘বাংলাদেশ মেডিকেল ও ডেন্টাল কাউন্সিল আইন, ২০১০’ এর এক বা একাধিক ধারায় সন্নিবেশিত রয়েছে। এ আইনের লঙ্ঘন এবং সংঘটিত অপরাধের শাস্তি অপর্যাপ্ত যা সময়োপযোগী নহে। পক্ষান্তরে ‘বাংলাদেশ মেডিকেল ও ডেন্টাল কাউন্সিল আইন, ২০১০’ একটি বিশদ বিস্তৃত আইন যার প্রায়োগিক দিক অনেক বিস্তৃত এবং সময়োপযোগী। কাজেই এ আইনটির কার্যকারিতা ও প্রায়োগিক ক্ষেত্রসমূহ ‘বাংলাদেশ মেডিকেল ও ডেন্টাল কাউন্সিল আইন, ২০১০’ এর সাথে সাংঘর্ষিক বিধায় আইনটি প্রত্যাহার করা প্রয়োজন।

০২। Medical Degrees Act, 1916 আইনটির বর্তমানে বাস্তবিক প্রয়োজন নেই বিধায় Medical Degrees Act, 1916 প্রত্যাহার করা সমীচীন হবে।

০৩। বর্ণিত অবস্থায়, Medical Degrees Act, 1916 রহিতকরণকল্পে আনীত Medical Degrees (Repeal) Act, 2021 শীর্ষক বিলটি জাতীয় সংসদে উত্থাপন করা হলো।

জাহিদ মালেক
ভারপ্রাপ্ত মন্ত্রী

ড. জাফর আহমেদ খান
সিনিয়র সচিব।